# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১২৩৪

পর্ব - ১০ঃ দণ্ড বিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ৩. চুরির দণ্ড - চুরির স্বীকারোক্তিকারীকে বারবার জিজ্ঞেস করা যাতে স্বীকার করা থেকে ফিরে আসে

আরবী

وَعَنْ أَبِي أُمَيَّةَ الْمَخْزُومِيِّ ـ رضي الله عنه ـ قَالَ: أُتِيَ النَّبِيُّ ـ صلى الله عليه وسلم ـ بِلِصٍّ قَدِ اعْتَرَفَ اعْتِرَافًا، وَلَمْ يُوجَدْ مَعَهُ مَتَاعٌ، فَقَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ «مَا إِخَالَكَ سَرَقْتَ». قَالَ: بَلَى، فَأَعَادَ عَلَيْهِ مَرَّتَيْنِ أَوْ ثَلَاثًا، فَأَمَرَ بِهِ فَقُطِعَ. وَجِيءَ بِهِ، فَقَالَ: «اسْتَغْفِرِ اللَّهَ وَتُبْ إِلَيْهِ»، فَقَالَ: أَسْتَغْفِرُ اللَّهَ وَأَتُوبُ إِلَيْهِ، فَقَالَ: «اللَّهُمَّ تُبْ عَلَيْهِ»، ثَلَاثًا. أَخْرَجَهُ أَبُو دَاوُدَ وَاللَّفْظُ لَهُ، وَأَحْمَدُ، وَالنَّسَائِيُّ، وَرِجَالُهُ ثِقَاتٌ

ضعيف. رواه أحمد (5/ 293) وأبو داود (4380)، والنسائي (8/ 67)

বাংলা

১২৩৪। আবূ উমাইয়া মাখযুমী (রাঃ) হতে বর্ণিত; তিনি বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে কোন এক চোরকে আনা হলো যে যথারীতি চুরির কথা স্বীকার করেছিল কিন্তু তার নিকটে কোন মাল পাওয়া যায়নি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: তুমি চুরি করেছ বলে তো আমি মনে করছি না! সে বলল: হাঁ। (আমি চুরি করেছি)। বর্ণনাকারী বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুই কি তিনবার তাকে এ কথা ঘুরিয়ে ফিরিয়ে বলেছেন। অতঃপর তাঁর আদেশক্রমে তার হাত কাটা হলো এবং তাকে পুনরায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দরবারে আনা হলো। তাকে তিনি বললেন: আল্লাহর কাছে ক্ষমা চাও ও তওবা কর। সে বললঃ আমি আল্লাহর কাছে ক্ষমা চাইছি ও তাওবা করছি। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকটির জন্য ৩ বার এই বলে প্রার্থনা জানালেন যে, হে আল্লাহ! তুমি তার তওবা কবুল কর।[1]

## English

Abu Umaiyah al-Makhzumi (RAA) narrated, 'A thief who has made a confession was brought to the Messenger of Allah (ﷺ) but no goods were found with him. Allah's Messenger (ﷺ) said to him, "I do not think you have stolen!" The man replied, 'Yes I have.' The Prophet (ﷺ) repeated it to him twice or thrice, so he gave his commands concerning him, and his hand was cut off. He was then brought to the Messenger of Allah (ﷺ) who said to him, "Ask forgiveness of Allah and turn to Him in repentance." The man said, 'I ask Allah's forgiveness and turn to Him in repentance.' The Messenger of Allah (ﷺ) then said three times, "O Allah! forgive him." Related by Abu Dawud, Ahmad and An-Nasa'i with a trustworthy chain or narrators, and it is Abu Dawud's version.

## ফুটনোট

[1] ইবনু মাজাহ ২৫৯৭, নাসায়ী ৪৮৭৭, আর দাউদ ৪৩৮০, আহমাদ ২২০০২, দারেমী ২৩০৩। শাইখ আলবানী যঈফ আবূ দাউদে ৪৩৮০, যঈফ নাসাঈ ৪৮৯২ গ্রন্থদ্বয়ে দুর্বল বলেছেন। ইমাম যায়লাঈ তাঁর নাসবুর রায়াহ ৪/৭৬ গ্রন্থে বলেন, এর এক বর্ণনাকারী আবূ মুনযির হচ্ছে অপরিচিত, এর অন্য একটি সূত্র রয়েছে। ইবনু কাসীর তাঁর ইরশীদুল ফাকীহ ২/৪২৬ গ্রন্থে বলেন, এর সানাদে ইসহাক বিন আবদুল্লাহ বিন আবূ (ফুরুওয়াহ) আল মাদীনী রয়েছে, তার সম্পর্কে হাদীসবিশারদগণ সমালোচনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ উমায়য়া মাখযূমী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71045

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন